গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
বাজেট শাখা
www.lawjusticediv.gov.bd

২২ ভাদ্র ১৪২৯

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.২০.০৮০.১৮-২০৩৮. তারিখঃ ------------------

০৬ সেপ্টেম্বর ২০২২

বিষয়ঃ আউটসোর্সিং (**Outsourcing**) প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবা ক্রয়ের জন্য চুক্তিপত্র সম্পাদন সম্পর্কিত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, এ বিভাগের আওতাধীন বিভিন্ন আদালত/ট্রাইব্যুনালে আউটসোর্সিং (**Outsourcing**) প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবা ক্রয় করা হচ্ছে। উক্ত সেবা ক্রয়ের সময় অনেক ক্ষেত্রে ভ্যাট কর্তন, আয়কর কর্তন, সার্ভিস চার্জ প্রদান ইত্যাদি বিষয়ে সুস্পষ্ট কোন কিছু চুক্তিপত্রে উল্লেখ না থাকায় অর্থ ছাড় করার ক্ষেত্রে নানা ধরণের জটিলতার সম্মুখীন হতে হচ্ছে। এমতাবস্থায়, আউটসোর্সিং (**Outsourcing**) প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী চুক্তিপত্র সম্পাদনের সময় নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণের জন্য অনুরোধ করা হলোঃ

১. চুক্তিপত্র সম্পাদনের পূর্বে উল্লিখিত সেবা গ্রহণের অনুমতি এ বিভাগ হতে প্রদান করা হয়েছে কিনা প্রথমেই সেটি নিশ্চিত হতে হবে;

২. সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করতে হবে;

৩. জনপ্রতি সেবা মূল্য নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের ১০.০৬.২০১৯ খ্রিঃ তারিখের ২৫৯ নং পরিপত্র অনুসরণ করতে হবে;

৪. চুক্তিপত্রে সেবার ক্যাটাগরি ও সেবার নাম উল্লেখপূর্বক সেবাকর্মীর মাসিক সেবামূল্য, সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস চার্জ, আয়কর, ভ্যাট ইত্যাদি উল্লেখ করতে হবে;

৫. সাধারণতঃ চুক্তিপত্রের মেয়াদ হবে ০১ (এক) বছর, অর্থাৎ ১লা জুলাই হতে ৩০ জুন পর্যন্ত;

৬. পুনরায় চুক্তি নবায়ন করতে হলেও পূর্ণাঙ্গ চুক্তি সম্পাদন করতে হবে, শুধুমাত্র পত্রের মাধ্যমে চুক্তির মেয়াদ বর্ধিত করা যাবেনা;

৭. আউটসোর্সিং (**Outsourcing**)-এর মাধ্যমে সেবাগ্রহণ নীতিমালা, ২০০৮ রহিত হওয়ায় উল্লিখিত সময়ে সৃজিত আউটসোর্সিং পদসমূহ আউটসোর্সিং (**Outsourcing**) প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবা ক্রয়ের অনুমোদনের জন্য এ বিভাগের সংশ্লিষ্ট শাখায় পত্র প্রেরণ করে হালনাগাদ করতে হবে। আউটসোর্সিং (**Outsourcing**)-এর মাধ্যমে সেবাগ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী বর্তমানে উৎসব ভাতা, নববর্ষ ভাতা ইত্যাদি প্রদান করার সুযোগ নেই, ফলে চুক্তিপত্রে এধরণের ভাতা সংযুক্ত করা নীতিমালা পরিপন্থী।

০৬/০৯/২০২২
(মোঃ শামছুদ্দীন মাসুম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০০০৯ (অ)

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। জেলা জজ ........................................................................।
২। মহানগর দায়রা জজ ..............................................................।
৩। বিভাগীয় বিশেষ জজ ............................................................।
৪। বিশেষ জজ ........................................................................।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ................................।

৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল ..................................।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল ..................................................................।
৮। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত ...........................................................।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল ....................................................................।
১০। বিচারক (জেলা জজ), সন্ত্রাস দমন ট্রাইব্যুনাল..................................................................।
১১। বিচারক (জেলা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল..............................................।
১৩। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনালসমূহ.............................................................।
১৪। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল এন্ড সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
১৫। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ....................................................।
১৬। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
১৭। প্রোগ্রামার, আইসিটি সেল, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

জ্ঞাতার্থে বিতরণঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।